

2022

( Held in 2023 )

BENGALI

Paper : BENHC5126

( Bengali Literature of N-E India )

Full Marks : 80

Pass Marks : 32

Time : 3 hours

*The figures in the margin indicate full marks  
for the questions*

১। নিম্নলিখিত প্রশ্নগুলির শুদ্ধ বিকল্প বেছে নিয়ে লেখ : ১×৬=৬

(ক) 'ঘুম ভাঙানিয়া' গল্পে মাসির থাকার জায়গা হয়েছিল

(i) শিবমন্দিরে

(ii) কালীবাড়িতে

(iii) বাসস্ট্যাণ্ডে

(iv) চায়ের দোকানে

(খ) "বিস্ফোরণটি এখন একটি বেঞ্চমার্ক যার প্রেক্ষিতে

পরবর্তী অন্য বিস্ফোরণগুলোকে মাপা হয়...।"

বিস্ফোরণটি ঘটেছিল

(i) ১৯৮২ সনে

(ii) ১৯৮৪ সনে

(iii) ২০০১ সনে

(iv) ২০০৪ সনে

(গ) 'মা তুমি শিগগির ফিরে এসো' কবিতাটির পটভূমি

(i) দিসপুর

(ii) মণিপুর

(iii) শিলং

(iv) ত্রিপুরা

(ঘ) "গঙ্গাপারের পথিক, বলতে পারো সঠিক/কোথায় আমার সাকিন!"—কোন কবিতার অংশ?

(i) 'লুইত পারের গাথা'

(ii) 'উদ্বাস্তর ডায়েরি'

(iii) 'অবস্থান'

(iv) 'আমি একা নির্জন ঘরে'

(ঙ) 'সুখরঞ্জনের নথিপত্র'-র রচনাকাল

(i) ১৯৯২

(ii) ১৯৯৪

(iii) ১৯৯৬

(iv) ১৯৯৮

(চ) সুখরঞ্জনের স্ত্রীর নাম

(i) কল্যাণী

(ii) কমলা

(iii) অনুরাধা

(iv) শেফালি

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

(ক) "যে মানুষ শেষ খেয়া পারাপারের জন্য ঘাটে বসে আছে, তার আবার এই দেশ বদলের শৌখিনতা কেন?"  
কোন গল্পের অংশ? কার কথা বলা হয়েছে?

(খ) 'ছমকির পর যা ঘটে' গল্পে কার চিঠি, কার ঠিকানা  
এসেছিল?

(গ) "কারাকোরামের পারে সে এক আশ্চর্য দেশ নক্ষত্র  
আমার!"—কোন কবিতার অংশ? 'আশ্চর্য দেশ' বলতে  
কোন দেশের কথা বলা হয়েছে?

(ঘ) "আমি তারে ডাকি 'ইকং ইবন/ইবনদি বলে'"—কোন  
কবিতার অংশ? 'ইবনদির প্রকৃত নাম কী?

(ঙ) 'সুখরঞ্জনের নথিপত্র' নাটকে পঙ্কজের বাবা ও.মা'র নাম  
লেখ।

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো ছয়টি) :

৫×৬=৩০

(ক) "ইদানীং মাসির আরেক নতুন বাতিক  
হয়েছে।"—মাসির নতুন বাতিকাটী কী হয়েছিল? এই  
বাতিক হওয়ার পেছনে কারণ কী ছিল?

(খ) "ওসব জায়গায় মেডিক্যাল পড়ুয়া সাহেবরা  
এক্সপেরিমেন্ট করে, তাই গরিব দেশ থেকে খরিদ করে  
ওরা।"—কোন গল্পের অংশ? কে, কাকে একথা  
বলেছে? এখানে কী খরিদ করার কথা বলা হয়েছে?  
গরিব দেশ বলতে কোন দেশের কথা বলা হয়েছে?

- (গ) “আর পাঁচটা নাগরিক, চাহনির ফুঁ দিয়ে গরম নগ্নতা উপভোগ করেছে, কাছে যায়নি। বস্ত্রদান দূরের কথা। যোগব্রত সেরকম হল না কেন?”—ঘটনাটি কি ঘটেছিল এবং যোগব্রত কী করেছিল, লেখ।
- (ঘ) “তারা আজ সমস্বরে চায়/রুটি ও গোলাপফুল জীবনের একটি শাখায়।”—ব্যাখ্যা কর।
- (ঙ) “একজন শিক্ষিত তথা সাহিত্যিকের যখন এই ধারণা, তখন/আমি আর কী বলতে পারি।”—কার লেখা, কোন কবিতার অংশ? সাহিত্যিকের ধারণা কী ছিল? এর পরবর্তী ঘটনা লেখ।
- (চ) “উদ্বাস্তুর ডায়েরি” কবিতার ঐতিহাসিক পটভূমি উল্লেখ করে কবিতাটির মর্মার্থ লেখ।
- (ছ) “আমার ব্যক্তিগত ফিল্ড ডিপোজিটের ইনটারেস্টের সামান্য কটা টাকায় ছোট্ট এই লাইব্রেরি।”—উক্ত লাইব্রেরি সম্পর্কে লেখ।
- (জ) “নাটকটির সবচাইতে জীবন্ত চরিত্র হলো শেফালি, সুখরঞ্জনের প্রতিবেশী।”—মন্তব্যটির আলোকে শেফালি চরিত্র সংক্ষেপে বিবৃত কর।
- (ঝ) “অক্ষত সার্টিফিকেটটা আসল জন্মের কথা বলছিল, ছেঁড়া টুকরোগুলি আসল জীবনের কথা বলছে।”—কার উক্তি? কোন সার্টিফিকেটের কথা বলা হয়েছে? ঘটনাটি কি ঘটেছিল, লেখ।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো দুটি) : ১০×২=২০

- (ক) “উটকো একটা নোটিশ আজ তাকে কত ঘাটের জল যে খাইয়ে ছাড়ছে।”—‘আব্বাজানের হাড়—একটি প্রামাণ্য দলিল’ গল্পে আমিরুদ্দীনের জীবনে এই উটকো নোটিশের অভিঘাত সম্পর্কে লেখ।
- (খ) “এইসব মিলে মিশে আশ্চর্য স্বদেশ জন্মে। দেশ কল্পনার এই রসায়নঘর।”—‘দেশ’ কবিতায় কবির দেশ কল্পনার রসায়নঘরের পরিচয় দাও।
- (গ) “এই নাটকের পরতে পরতে রয়েছে জীবনবোধ এবং দার্শনিকতার ছোঁয়া। সুখরঞ্জনের আপাত পাগলামির আড়ালে লুকিয়ে আছে পরিপূর্ণ জীবনবোধের গভীর দর্শন।”—‘সুখরঞ্জনের নখিপত্র’ নাটক সম্পর্কে এই মন্তব্য কতটা যুক্তিসঙ্গত বলে তোমার মনে হয়, লেখ।

৫। নিম্নলিখিত যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

১৪

- (ক) ‘সীমানার ওপরে থমকে থাকা পা’ গল্পের বিষয়বস্তু উল্লেখ করে গল্পকারের গল্পবয়নের অভিনবত্ব সম্পর্কে লেখ।
- (খ) ‘লুইত পারের গাথা’ কবিতা অবলম্বনে কবির সাম্যবাদী চেতনার পরিচয় দাও।

\*\*\*